

বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি

Bangladesh Class-III Govt. Employees Association

(একটি অরাজনৈতিক শ্রেণীভিত্তিক পেশাজীবী সংগঠন)

কেন্দ্রীয় নির্বাহী পরিষদ

অস্থায়ী কার্যালয় : ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।

e-mail : info@bgeac3.com web:www.bgeac3.com

স্মারক নং : বাতসকস/২০১৬/১৪৯

তারিখ : ০১ নভেম্বর, ২০১৬ খ্রিঃ।

সভার কার্যবিবরণী

০১ নভেম্বর, ২০১৬খ্রিঃ মঙ্গলবার বিকাল ৫.০০ ঘটিকায় বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি কেন্দ্রীয় নির্বাহী পরিষদ নেতৃত্বদ, সম্মানিত উপদেষ্টামন্ডলী, ঢাকা মহানগর কমিটির নেতৃত্বদের সমন্বয়ে সমিতির এক জরুরী যৌথসভা কর্মচারী পরিষদ কার্যালয়, ভূমি জরীপ ও রেকর্ড অধিদপ্তর, সাতরাস্তা, তেজগাঁও, ঢাকায় অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সভাপতি জনাব মোঃ মাহফুজুর রহমান। সভার আলোচ্য সূচী ছিল (১) পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন (২) ১৫ নভেম্বর, ২০১৬ তারিখে সমিতির ১৭তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন উপকমিটির প্রস্তাব পর্যালোচনা ও সিদ্ধান্ত (৩) সমিতির ৭ম দ্বি-বার্ষিক জাতীয় প্রতিনিধি সম্মেলন বিষয়ে আলোচনা (৪) অর্থ ও বিবিধ।

সভায় পবিত্র কোরআন তেলওয়াতের মধ্যে দিয়ে সভার কার্যক্রম শুরু হয়। সভায় আলোচ্য সূচীভিত্তিক বক্তব্য রাখেন সর্বজনাব মহাসচিব লুৎফুর রহমান, সহ-সভাপতি আবদুল মান্নান হাজারভী, নাজমা আক্তার, মোঃ ইব্রাহিম খলিল, নূরুন নবী, মোঃ নজরুল ইসলাম, যুগ্ম-মহাসচিব রমিজ উদ্দিন মাঝি, মোঃ আবদুল ওয়াদুদ, সহকারী মহাসচিব মোঃ রেজাউল আলম, মোঃ মফিজুল ইসলাম পিন্টু, সাংগঠনিক সচিব মোঃ রফিকুল ইসলাম (মামুন), মোঃ মনির হোসেন, প্রচার সচিব মোঃ ইলিয়াস, ঢাকা মহানগর কমিটির সহ-সভাপতি খতিবুর রহমান ও মোঃ ওবায়দুল হক, যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ জুলফিকার হায়দার, প্রচার সচিব মোঃ মনির হোসেন, ঢাকা মহানগর সাংগঠনিক আঞ্চলিক কমিটি-৫ (আজিমপুর) এর সভাপতি মোঃ আহসানউল্লাহ প্রমুখ। সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নে বর্ণিত সিদ্ধান্তাবলী গৃহীত হয়।

গৃহীত সিদ্ধান্ত সমূহ

০১। সভায় ২৬/১০/২০১৬ইং তারিখে অনুষ্ঠিত সভায় কার্যবিবরণী পাঠ অনুমোদন করা হয়।

০২। সভায় আগামী ১৫ নভেম্বর, ২০১৬ইং তারিখে সমিতির ১৭তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে গঠিত উপ-কমিটির প্রস্তাবিত আয়-ব্যয়ের সভাব্য বাজেটের আলোকে প্রতিষ্ঠা বার্ষিকীর ব্যয় মিটানোর জন্য সভাপতি, কার্যকরী সভাপতি, সহ-সভাপতি, মহাসচিব, অতিরিক্ত মহাসচিবগণ ১০০০/- টাকা, যুগ্ম মহাসচিব ও অন্যান্য নেতৃত্বদগণ ৫০০/- টাকা, ঢাকা মহানগরসহ অন্যান্য নেতৃত্বদ সামর্থ্যানুসারে যেচ্ছায় অনুদান প্রদানে সমিতির কর্মকাণ্ডে আর্থিক সহায়তাকল্পে আহবান জানানো হয়।

০৩। সভায় ১৭তম প্রতিষ্ঠা বার্ষিকীতে চাকুরীতে অবসরপ্রাপ্ত নিম্নোক্ত ৬(ছয়) জন বরণ্য নেতৃত্বদকে সম্মাননা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

(১) সম্মানিত সভাপতি সর্বজনাব মোঃ মাহফুজুর রহমান (২) কার্যকরী সভাপতি মোঃ রশিদউল্লাহ (৩) সহ-সভাপতি শেখ মোঃ শাহজাহান (৪) অতিরিক্ত মহাসচিব মোঃ আতাউর রহমান খান (৫) সভাপতি অঞ্চল-৫ (আজিমপুর) আহছানউল্লাহ এবং (৬) বি এস টি আই কর্মচারী ইউনিয়নের সাবেক সাধারণ সম্পাদক মোঃ খবিরুর রহমান (মরনোত্তর)

০৪। সমিতির ৭ম দ্বি-বার্ষিক জাতীয় প্রতিনিধি সম্মেলন জানুয়ারী ২০১৭ইং এর মধ্যে অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রতিনিধি সম্মেলন উপলক্ষ্যে ডেলিগেট/প্রতিনিধি তালিকা প্রণয়নের জন্য ঢাকা মহানগরের সাংগঠনিক আঞ্চলিক কমিটি সমূহ নির্বাচন / পুনঃগঠনসহ সকল জেলা ও আঞ্চলিক কমিটি নির্বাচন/পুনঃগঠন করে হালনাগাদ তালিকা আগামী ৩১শে ডিসেম্বর ২০১৬ইং তারিখের মধ্যে কেন্দ্রীয় নির্বাহী পরিষদে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।

০৫। সভায় সমিতির কেন্দ্রীয় নির্বাহী পরিষদ নেতৃত্বদ, সম্মানিত উপদেষ্টা মন্ডলী ও ঢাকা মহানগর কমিটির নেতৃত্বদের সমন্বয়ে এক যৌথসভা আগামী ৭ নভেম্বর, ২০১৬ খ্রিঃ তারিখে বিকাল ৫.০০ ঘটিকায় মৎস্য অধিদপ্তর কর্মচারী সমিতির কার্যালয়, রমনা, ঢাকায় আহবান করা হল।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল নেতৃত্বদকে মূল্যবান সময় দিয়ে গৃহীত সিদ্ধান্ত গ্রহণে সহযোগিতা প্রদান করায় ধন্যবাদ জ্ঞাপন করাসহ সকলের সুস্বাস্থ্য ও পারিবারিক সুখ শান্তি কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মাহফুজুর রহমান)
সভাপতি

০১৭১৫-৬৬৫৫৪৬

তারিখ : ০১ নভেম্বর, ২০১৬খ্রিঃ।

স্মারক নং : বাতসকস/১৪৯(২০০)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল :

০১। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি, বিভাগ/জেলা

০২। জনাব বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি, কেনি/মহানগর

০৩। জনাব

(মোঃ লুৎফুর রহমান)

মহাসচিব

০১৯২২-১১৭৫০১